


প্রকৃতি কন্যা সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট  
(শিক্ষা ও কল্যাণ শাখা)  
[www.sylhet.gov.bd](http://www.sylhet.gov.bd)

প্রেস বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট শিক্ষা ট্রাস্ট, সিলেট হতে বৃত্তি প্রদানের উদ্দেশ্যে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এইচ.এস.সি/আলিম বা সমমান, স্নাতক/ফাজিল বা সমমান এবং স্নাতকোত্তর/কামিল বা সমমান পর্যায়ে অধ্যয়নরত সিলেট জেলার স্থায়ী, গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদের নিকট হতে সংযুক্ত শর্তাবলী সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে। উল্লিখিত শ্রেণীসমূহ ছাড়াও নবম শ্রেণীতে অধ্যয়নরত প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীরা (যারা ২০১৯ সনের জেএসসি/জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ) আবেদন করতে পারবেন। মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক/সমমান স্তর হতে স্নাতকোত্তর/সমমান স্তরে ২০১৯ সাল পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষায় পাশকৃত ছাত্রছাত্রীগণ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

আবেদনের শর্তাবলী, নির্ধারিত ফরম ও প্রয়োজনীয় কাগজাদি ও তালিকা জেলা প্রশাসক, সিলেট এর ওয়েব সাইট [www.sylhet.gov.bd](http://www.sylhet.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে বা জেলা প্রশাসকের শিক্ষা ও কল্যাণ শাখা বা সিলেট জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। আবেদনপত্র জেলা প্রশাসক বরাবরে ২০/১২/২০২০ এর মধ্যে পৌছাতে হবে।

 ৩০/১২/২০২০

আ.ন.ম. বদরুদ্দোজা  
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)  
ও

সদস্য সচিব  
বোর্ড অব ট্রাস্টিজ, সিলেট শিক্ষা ট্রাস্ট, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১০০.০১৭.০২.০১৭.১১.৪০

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৭  
৩০ নভেম্বর ২০২০

অনুলিপি : অবগতি ও বহল প্রচারের জন্য।

১। উপজেলা নির্বাহী অফিসার,..... (সকল), সিলেট।

২। অধ্যক্ষ/রেজিস্ট্রার,..... সিলেট।

৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট।

৪। জেলা শিক্ষা অফিসার, সিলেট।

৫। সভাপতি, সিলেট প্রেস ক্লাব, সিলেট।

৬। সম্পাদক, সিলেট প্রেস ক্লাব, সিলেট।

৭। সম্পাদক, দৈনিক উত্তরপূর্ব ও দৈনিক সিলেটের ডাক, সিলেট। উক্ত প্রেস বিজ্ঞপ্তি আপনার বহল প্রচারিত পত্রিকায় প্রকাশের জন্য তাকে অনুরোধ করা হল।

৮। জনাব .....

আবেদনের শর্তাবলীঃ

শর্ত-১ : (ক) অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পিতা ও মাতা বা পিতা অথবা মাতা যে কোন একজনকে জন্মসূত্রে সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। তুলনামূলকভাবে গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদেরকে বৃত্তি প্রদান করা হবে।  
(খ) মাধ্যমিক (প্রতিবন্ধী)/উচ্চ মাধ্যমিক/সমমান স্তর হতে স্নাতোকোত্তর/সমমান স্তরে ২০১৯ সাল পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষায় পাশকৃত ছাত্রছাত্রীগণ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

শর্ত-২ : সাধারণ শিক্ষার্থীদের ক্ষেত্রে :

(ক) উচ্চ মাধ্যমিক/সমমান স্তর হতে স্নাতোকোত্তর/সমমান স্তরে অধ্যয়নরত ছাত্রছাত্রীরা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে নবম/দশম শ্রেণী স্তর হতে স্নাতোকোত্তর/সমমান স্তরে অধ্যয়নরত ছাত্রছাত্রীরা বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

(খ) এইচ.এস.সি/এইচ.এস.সি (ভোক)/এইচ.এস.সি (বিএম)/এইচ.এস.সি (পলিটেকনিক্যাল) পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পূর্ববর্তী বোর্ড পরীক্ষায় নূন্যতম পক্ষে জিপিএ ৫.০০ থাকতে হবে।

(গ) স্নাতক/ফায়িল পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পূর্ববর্তী বোর্ড পরীক্ষায় এস.এস.সি. ও এইচ.এস.সি এর মধ্যে ১টিতে জিপিএ ৫.০০ এবং ১টিতে জিপিএ ৪.০০ থাকতে হবে।

(ঘ) স্নাতকোত্তর/কামিল পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের স্নাতক/সমমানের পরীক্ষায় জিপিএ ৩.০০ থাকতে হবে। তবে এস.এস.সিতে জিপিএ ৫.০০ ও এইচ.এস.সি পর্যায়ে জিপিএ ৪.০০ এর নীচে গ্রহণযোগ্য হবে না।

(ঙ) এম.বি.বি.এস ও বি.এস.সি. ইঞ্জিনিয়ারিংএ অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে এস.এস.সি ও এইচ.এস.সি এর মধ্যে ১টিতে জিপিএ ৫.০০ এবং ০১টিতে জিপিএ ৪.০০ থাকতে হবে।

শর্ত-৩ : প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের ক্ষেত্রে পরীক্ষার ফলাফলের উল্লেখিত শর্ত প্রযোজ্য হবে না।

শর্ত-৪ : আবেদনের সাথে ১৮ বছরের বেশী বয়স্ক ছাত্র-ছাত্রীদের জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং ১৮ বছরের নীচের ছাত্র-ছাত্রীদের জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

শর্ত-৫ : মুক্তিযোদ্ধাদের সন্তানরা বৃত্তি প্রাপ্তিতে অগ্রাধিকার পাবেন। এজন্য পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

শর্ত-৬ : ছাত্র-ছাত্রী দরিদ্র পরিবারের সন্তান ও মেধাবী এই মর্মে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ থাকতে হবে।

শর্ত-৭ : প্রাইভেট মেডিকেল কলেজ ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের আবেদন করার প্রয়োজন নেই।

আবেদনের সাথে সংযুক্তি বিষয়ক কাগজাদি

(ক) পাসপোর্ট সাইজের ০১(এক) কপি সত্যায়িত ফটো।

(খ) বিগত পরীক্ষাসমূহ পাশের মার্কসীট এর সত্যায়িত কপি।

(গ) পিতা ও মাতা উভয়ই বা যে কোন একজন জন্মসূত্রে সিলেট জেলার স্থায়ী বাসিন্দা এ মর্মে প্রত্যয়নপত্র ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

(ঘ) আবেদনের সাথে ১৮ বছরের বেশী বয়স্ক ছাত্র-ছাত্রীদের জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং ১৮ বছরের নীচের ছাত্র-ছাত্রীদের জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।

(ঙ) মুক্তিযোদ্ধা সন্তানদের পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি।

(চ) ছাত্র-ছাত্রী দরিদ্র পরিবারের সন্তান ও মেধাবী এইমর্মে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র।

বরাবর

জেলা প্রশাসক

সিলেট

বিষয় : বৃত্তি প্রদানের আবেদন।